দৈনিক সংবাদ

তারিখ 07 DEC 1995
পৃষ্ঠা ২ কলাম ৭

২৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান আইনের সংশোধন প্রয়োজন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

"ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ঃ স্বায়ত্তশাসন কিংবা আইনের শাসন?" শীর্ষক এক আলোচনা সভায় গতকাল বুধবার বক্তারা বলেছেন, ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য শিক্ষকদের মতামতের ভিত্তিতে বর্তমান আইনের সংশোধন প্রয়োজন। আমলাতান্ত্রিক জটিলতা কমানোর জন্য ক্ষমতার বিকেন্দ্রীকরণ দরকার বলে তারা মতামত ব্যক্ত করেন।